গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২৩৫/২০১৮-২০১৯
ঢাকা, ১০ জুন সোমবার ২০১৯, ২৭ জ্যৈষ্ঠ ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে শুমারি খুবই গুরুত্বপূর্ণ : কৃষি শুমারিতে তথ্য প্রদানকালে রাষ্ট্রপতি
২। মিয়ানমারের অসহযোগিতায় রোহিঙ্গা প্রত্যাবাসন হচ্ছে না :
ত্রিদেশীয় সফর শেষে সংবাদসম্মেলনে প্রধানমন্ত্রী
৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নতুন বই
'আমাদের ছোট রাসেল সোনা' প্রকাশিত
৪। মুক্তিযোদ্ধাদের সমাধি একই নকশায় হবে : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী
রোহিঙ্গাদের জোর করে ফেরত পাঠানো হবে না
৫। ওসি মোয়াজ্জেমকে গ্রেফতার করা হবেই : ফেনীর নুসরাত হত্যার বিচার প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী
বিমানবন্দরের ইমিগ্রেশন ব্যবস্থা ঢেলে সাজানো হচ্ছে
৬। সার্কভুক্ত দেশগুলোর মধ্যে বাংলাদেশে গড় আয়ু সবচেয়ে বেশি : চট্টগ্রামে বেতারের অনুষ্ঠানে তথ্যমন্ত্রী
৭। প্রকৃত অর্থেই ওয়ান স্টপ সেবা নিশ্চিত করা হবে : অ্যাক্রেডিটেশন দিবসের অনুষ্ঠানে শিল্পমন্ত্রী
৮। নদীপথে যাত্রীসেবার মানোন্নয়ন করা হবে : নৌ-প্রতিমন্ত্রী
৯। বাজেট অধিবেশনকালে সংসদ এলাকায় নিরাপত্তা জোরদারে ব্যবস্থা গ্রহণ
১০। শপথ নিলেন বিএনপি'র এমপি রুমিন ফারহানা
১১। হজযাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা ১৬ জুন থেকে শুরু

চলমান পাতা-২

১ । উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে শুমারি খুবই গুরুত্বপূর্ণ : কৃষি শুমারিতে তথ্য প্রদানকালে রাষ্ট্রপতি

চলমান কৃষি শুমারিতে নিজের খানার তথ্য দিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। গতকাল (৯ জুন রোববার) বঙ্গভবনে পরিকল্পনামন্ত্রী এম এ মান্নানের উপস্থিতিতে শুমারিতে নিজের তথ্য দেন তিনি। নিজের খানার তথ্য দিয়ে রাষ্ট্রপতি বলেন, উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে শুমারি খুবই গুরুত্বপূর্ণ। সঠিক তথ্যের ভিত্তিতে শুমারি পরিচালিত হলে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে কৃষি শুমারি ২০১৯ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তিনি শুমারির তথ্য সঠিক ও নির্ভুলভাবে সংগ্রহ করার পরামর্শ দেন। পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীনে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সারাদেশে কৃষি শুমারি-২০১৯ পরিচালনা করছে। গতকাল থেকে শুরু হওয়া এ শুমারির আওতায় আগামী ২০ জুন পর্যন্ত তথ্য সংগ্রহ চলবে। সূত্র **: সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৮)।

২। মিয়ানমারের অসহযোগিতায় রোহিঙ্গা প্রত্যাবাসন হচ্ছে না : ত্রিদেশীয় সফর শেষে সংবাদসম্মেলনে প্রধানমন্ত্রী

মিয়ানমারের আপত্তি ও অসহযোগিতায় রোহিঙ্গা প্রত্যাবাসন সম্ভব হচ্ছে না বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, সবাই চায় রোহিঙ্গারা মিয়ানমারে ফেরত যাক। তবে মিয়ানমারের সাড়া পাওয়া যাচ্ছে না। এ বিষয়ে তারা আগ্রহী নয়। দুর্নীতির দায়ে সাজাপ্রাপ্ত ও লন্ডনে অবস্থানরত বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে দেশে ফিরিয়ে আনার বিষয়ে দৃঢ়প্রত্যয় ব্যক্ত করে প্রধানমন্ত্রী বলেছেন, তাকে ফিরিয়ে আনতে ব্রিটিশ সরকারের সঙ্গে আলাপ-আলোচনা চলছে। গতকাল (৯ জুন রোববার) গণভবনে তাঁর সাম্প্রতিক জাপান, সৌদি আরব ও ফিনল্যান্ড সফর নিয়ে আয়োজিত সংবাদসম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। সংবাদসম্মেলনে জঙ্গিবাদ নির্মূলে আবারও দলমত নির্বিশেষে দেশবাসীর সহযোগিতা চান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় আগামী জুলাইয়ে চীনের প্রেসিডেন্টের আমন্ত্রণে সে দেশে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের সামার সামিটে যোগদানের সম্ভাবনার কথা জানান প্রধানমন্ত্রী। সূত্র **: সমকাল** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নতুন বই
'আমাদের ছোট রাসেল সোনা' প্রকাশিত

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নতুন বই 'আমাদের ছোট রাসেল সোনা' প্রকাশিত হয়েছে। শেখ রাসেলের জন্মগ্রহণ থেকে শুরু করে তাঁর জীবনকাহিনী এবং ঘাতকের হাতে নির্মমভাবে নিহত হওয়ার ঘটনাপ্রবাহ বইটিতে তুলে ধরা হয়েছে। ছোটদের উপযোগী বইটি প্রধানমন্ত্রী শেখ হাসিনা লিখেছেন গল্পবলার আকারে। বাংলাদেশ শিশু একাডেমি থেকে বইটি সম্প্রতি প্রকাশিত হয়েছে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.২,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.৮)।

৪। মুক্তিযোদ্ধাদের সমাধি একই নকশায় হবে : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী
রোহিঙ্গাদের জোর করে ফেরত পাঠানো হবে না

মুক্তিযুদ্ধবিষয়কমন্ত্রী আ. ক. ম. মোজাম্মেল হক বলেছেন, সরকার সব প্রয়াত বীর মুক্তিযোদ্ধার জন্য ধর্ম অনুসারে একই নকশার সমাধি তৈরি করবে। গতকাল (৯ জুন রোববার) রাজারবাগ পুলিশ অডিটরিয়ামে এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। অবসরপ্রাপ্ত পুলিশ অফিসার্স কল্যাণ সমিতির সদস্য বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান উপলক্ষে এ অনুষ্ঠানে আয়োজন করা হয়। মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আরো বলেছেন, মিয়ানমারে পূর্ণ নাগরিকত্ব না পাওয়া পর্যন্ত জোর করে কোনো রোহিঙ্গাকে ফেরত পাঠানো হবে না। গতকাল (৯ জুন রোববার) উখিয়ার কুতুপালং ক্যাম্পে সরকারি কর্মকর্তা ও রোহিঙ্গা নেতাদের সঙ্গে মতবিনিময়কালে মন্ত্রী এ কথা বলেন। সূত্র **: সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (**শেষ** পৃ,ক.১)।

৫। ওসি মোয়াজ্জেমকে গ্রেফতার করা হবেই : ফেনীর নুসরাত হত্যার বিচার প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী
বিমানবন্দরের ইমিগ্রেশন ব্যবস্থা ঢেলে সাজানো হচ্ছে

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, নুসরাত হত্যাকাণ্ডের ঘটনায় ওসি মোয়াজ্জেমকে গ্রেফতার করা হবেই। তিনি বলেন, কেউ আইনের ঊর্ধ্বে নয়। অপরাধের সঙ্গে যেই জড়িত হোক তাকে শাস্তি পেতেই হবে। তিনি ওসি হোক কিংবা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তা হোক অথবা জনপ্রতিনিধি হোক। গতকাল (৯ জুন রোববার) সচিবালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, পাসপোর্ট ও ইমিগ্রেশন ব্যবস্থা ঢেলে সাজানো হচ্ছে। কোথাও কোনো দুর্বলতা থাকলে সেগুলো সারিয়ে তুলতে আমরা উদ্যোগ গ্রহণ করেছি। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **সংবাদ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (**শেষ** পৃ.,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৬। সার্কভুক্ত দেশগুলোর মধ্যে বাংলাদেশে গড় আয়ু সবচেয়ে বেশি : চট্টগ্রামে বেতারের অনুষ্ঠানে তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, মূল্যবোধ, মেধা ও মননের সমন্বয়ে একটি উন্নত জাতি গড়ে উঠতে পারে। বাংলাদেশ আজ উন্নয়নশীল দেশের পথিকৃৎ। সার্কভুক্ত দেশগুলোর মধ্যে বাংলাদেশে গড় আয়ু সবচেয়ে বেশি। প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বের কারণে এসব সম্ভব হয়েছে। গতকাল (৯ জুন রোববার) চট্টগ্রাম নগরীর পতেঙ্গা সমুদ্রসৈকতে বাংলাদেশ বেতার আয়োজিত বহিরাঙ্গন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। তথ্য মন্ত্রণালয়ের শিশু ও নারীর উন্নয়নে সচেতনতামূলক যোগাযোগ কার্যক্রমের আওতায় বহিরাঙ্গন অনুষ্ঠানের আয়োজন করা হয়। সূত্র : **সমকাল** (পৃ.৭,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৭। প্রকৃত অর্থেই ওয়ান স্টপ সেবা নিশ্চিত করা হবে : অ্যাক্রেডিটেশন দিবসের অনুষ্ঠানে শিল্পমন্ত্রী

স্থানীয় উদ্যোক্তাদের বিনিয়োগে আকৃষ্ট করতে বিদেশি উদ্যোক্তাদের মতো একই সুবিধা দেওয়া হবে বলে মন্তব্য করেছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। তিনি বলেছেন, স্থানীয় বিনিয়োগ বৃদ্ধির জন্য প্রকৃত অর্থেই ওয়ান স্টপ সার্ভিস নিশ্চিত করা হবে। তৈরিপোশাকের পাশাপাশি চামড়া, প্লাস্টিক, হালকা প্রকৌশলসহ উদীয়মান শিল্পখাতে কর সুবিধা দিতে জাতীয় রাজস্ব বোর্ডে সুপারিশ পাঠিয়েছে শিল্প মন্ত্রণালয়। বিশ্ব অ্যাক্রেডিটেশন দিবস উদ্‌যাপন উপলক্ষে গতকাল (৯ জুন রোববার) শিল্প মন্ত্রণালয়ে এক আলোচনাসভায় এসব কথা বলেন শিল্পমন্ত্রী। সূত্র : **সমকাল** (পৃ.১২,ক.৬), **সংবাদ** (পৃ.১৪,ক.৫), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

৮। নদীপথে যাত্রীসেবার মানোন্নয়ন করা হবে : নৌ-প্রতিমন্ত্রী

ভবিষ্যতে ঈদ আনন্দ আরও উপভোগ্য করতে নদীপথে যাত্রীসেবার মানোন্নয়ন করা হবে। এ লক্ষ্যে সদরঘাট, পাটুরিয়া, দৌলতদিয়াসহ সব লঞ্চঘাটের আকার বৃদ্ধি করার পাশাপাশি ১০ হাজার কিলোমিটার নৌপথ খনন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। গতকাল (৯ জুন রোববার) মন্ত্রণালয়ের সভাকক্ষে সাংবাদিকদের তিনি এ কথা জানান। নদীতীর দখল ও দূষণরোধে উচ্ছেদ অভিযান চলমান থাকবে বলেও জানান তিনি। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ভোরের কাগজ** (**শেষ** পৃ.,ক.৮), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

৯। বাজেট অধিবেশনকালে সংসদ এলাকায় নিরাপত্তা জোরদারে ব্যবস্থা গ্রহণ

জাতীয় সংসদে বাজেট অধিবেশন চলার সময় শান্তিশৃঙ্খলা ও নিরাপত্তা বজায় রাখার জন্য বিধিনিষেধ আরোপ করেছেন ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার মো. আছাদুজ্জামান মিয়া। গতকাল (৯ জুন রোববার) এ বিধিনিষেধ আরোপ করা হয়। তিনি জানান, আগামীকাল (১১ জুন মঙ্গলবার) থেকে ১১তম জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনে ২০১৯-২০ সালের বাজেট প্রণয়ন করা হবে। অধিবেশন চলার সময় সংশ্লিষ্ট এলাকায় আজ রাত ১২টা থেকে সব ধরনের অস্ত্রশস্ত্র, বিস্ফোরক দ্রব্য, ক্ষতিকর ও দোষণীয় দ্রব্য বহন এবং কোনো প্রকার সমাবেশ, মিছিল, শোভাযাত্রা ও বিক্ষোভ প্রদর্শন নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৬), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.৭)।

১০। **শপথ নিলেন বিএনপি'র এমপি রুমিন ফারহানা**

জাতীয় সংসদের সংরক্ষিত মহিলা আসনে বিএনপি থেকে নির্বাচিত ব্যারিস্টার রুমিন ফারহানা শপথ নিয়েছেন। গতকাল (৯ জুন রোববার) সংসদ ভবনে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর কাছে তাঁর কার্যালয়ে তিনি শপথ নেন। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮)।

১১। **হজযাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা ১৬ জুন থেকে শুরু**

সরকারি বা বেসরকারি ব্যবস্থাপনায় নিবন্ধিত হজযাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা ও টিকাদান কার্যক্রম আগামী ১৬ জুন শুরু হবে। সারাদেশে সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল, সিভিল সার্জনের কার্যালয়সহ বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে প্রত্যেক হজযাত্রীকে মেনিনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জার টিকা দেওয়া হবে। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.২), **যুগান্তর** (পৃ.১৫,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১),

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, জনকণ্ঠ :** এবার ঈদ উপলক্ষে দেশের বিনোদন কেন্দ্রগুলোতে উপচেপড়া ভিড়ের জন্য পর্যটনের মধ্য দিয়ে সরকারের রাজস্ব আয় বাড়ায় সব পর্যটন স্পটে যাতায়াতের সুব্যবস্থা ও আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখার সুপারিশ।

খ. **সমকাল :** ইয়াবা প্রতিরোধে আন্তঃসংস্থা সমন্বয়করাসহ ইতোমধ্যে আটক ইয়াবাচক্রের সদস্যদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়ার আহ্বান।

গ. **সংবাদ :** একাদশ শ্রেণির বাধ্যতামূলক তিনটি বই ছাপার কাজ একক প্রতিষ্ঠানকে দেওয়ার বিষয় তুলে ধরে বই ছাপা ও বিতরণের কাজে স্বচ্ছ প্রক্রিয়ার পাশাপাশি সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিত করার সুপারিশ।

ঘ. **যুগান্তর :** সেভ দ্য চিলড্রেন-এর প্রতিবেদনে শিশুমৃত্যুর হার হ্রাসে দক্ষিণ এশিয়ায় সবচেয়ে সফলতা দেখিয়েছে বাংলাদেশ উল্লেখ করে এ সাফল্য টেকসই করতে শিশুর সামাজিক ও অর্থনৈতিক অধিকার সমুন্নত রাখার প্রত্যাশা।

ঙ. **যায়যায়দিন :** দেশে প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ বাড়ার বিষয়টি অর্থনীতির জন্য ইতিবাচক হওয়ায় বিনিয়োগের স্বস্তিকর পরিস্থিতি বজায় রাখার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** ব্রাহ্মণবাড়িয়ার তিতাস নদী প্রবাহ পুনরুদ্ধারে নদী দখল উচ্ছেদের চলমান কার্যক্রম আরো জোরদার করার সুপারিশ।

ছ. **ডেইলি সান, ফিনানশিয়াল এক্সপ্রেস :** আবাসন খাতে কর কমানোর সরকারি সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে তা আবাসন খাতে পজেটিভ প্রভাব ফেলবে বলে প্রত্যাশা।

জ. **ডেইলি সান, নিউ নেশন :** ২০ মে থেকে ২৩ জুলাই সাগরে মাছ ধরার উপর নিষেধাজ্ঞা থাকায় জেলে পরিবারগুলোর দুর্ভোগ বিবেচনায় নিয়ে সরকারকে তাদের আর্থিক সহায়তার ব্যবস্থা করার আহ্বান।

উপসম্পাদকীয়

যুগান্তর পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, আসন্ন বাজেটে অর্থ বরাদ্দের ক্ষেত্রে বড় বড় অবকাঠামো আগে না শিক্ষা ও স্বাস্থ্য আগে- এ বিষয়ক অগ্রাধিকার সতর্কতার সঙ্গে বিবেচনা করা দরকার।

নিবন্ধ ও ফিচার

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত **'ধান চাষে আগ্রহ হারাচ্ছে কৃষক '** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, কৃষক ধান চাষে প্রতিবার যেভাবে লোকসান দিচ্ছে, তাতে এক সময় ধান চাষ ছেড়ে সবাই জমিতে আম, লিচু, কাঁঠাল গাছ লাগাতে শুরু করবে। এ পরিস্থিতি অব্যাহত থাকলে একটা সময়ে দেশ খাদ্য সংকটে পড়বে।

#

ফাহিমা/মরজিনা/রশীদ/২০১৯/ ৯.০০ঘন্টা